৭২

তারিখ ...18. APR. 1996 ... ...
পৃষ্ঠা ২ কলাম ৫

আজকের কাগজ

# প্রশ্নপত্র ফাঁস হওয়ায় যশোর বোর্ডের সমাজ বিজ্ঞান ২য় পত্র পরীক্ষা স্থগিত

মতিনুজ্জামান মিটু (যশোর) ঃ প্রশ্নপত্র ফাঁস হওয়ার কারণে আজ অনুষ্ঠিতব্য যশোর শিক্ষা বোর্ডের সমাজ বিজ্ঞান ২য় পত্রের পরীক্ষা অনির্দিষ্টকালের জন্যে স্থগিত রাখা হয়েছে বলে যশোর বোর্ডের একটি সূত্র জানিয়েছে। মাগুরা জেলা স্কুলে গতকাল সমাজ বিজ্ঞান প্রথম পত্রের পরীক্ষার প্রশ্নপত্র বিলি করার সময় কেন্দ্রের একটি কক্ষে ভুল করে একই বিষয়ের দ্বিতীয় পত্রের প্রশ্ন বিলি করা হয়। সঙ্গে সঙ্গে উদ্যোগ নিয়েও বিলি করা সব কয়টি প্রশ্নপত্র উদ্ধার করা যায়নি। ফলে বোর্ড সমাজ বিজ্ঞান ২য় পত্রের নৈর্ব্যক্তিক পরীক্ষা স্থগিত রাখে। প্রশ্নপত্র ফাঁসের ঘটনা তদন্তের জন্যে বোর্ড ৩ সদস্যের তদন্ত কমিটি গঠন করেছে।